

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd

নির্দেশিত প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ক্রমিক নং- ১০০০	তারিখঃ- ১৫/৪/১৮	প্রকল্প নং- ১	
অঃ সঃ	সঃ সঃ	উঃ বিঃ সঃ	নিঃ সঃ

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০৭.২৩.২৪৪

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১

২৪ এপ্রিল ২০২৪

বিষয়: "চট্টগ্রাম জেলার পৈচলাইশ আবাসিক এলাকায় আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন জাতিসংঘ সবুজ উদ্যান উন্নয়ন" শীর্ষক অনুমোদিত প্রকল্পের (প্রকল্প কোড-২২৪৩৬৭১০০) অনুকূলে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় কিস্তির অর্থ ছাড়করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে খরচ করার জন্য ৩য় কিস্তি বাবদ মোট=১৭৪.৭০ লক্ষ (এক কোটি চুয়াত্তর লক্ষ সত্তর হাজার) টাকা মাত্র নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলোঃ

গণপূর্ত সার্কেল	গণপূর্ত বিভাগ	কিস্তির নাম	কোড/খাতের বিবরণ		অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)		
			কোড নং	খাতের নাম	আবর্তক	মূলধন	মোট
চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-১, চট্টগ্রাম	চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-১, চট্টগ্রাম	৩য়	৩২২১১০৫	মাটি পরীক্ষা	১.০০	--	১.০০
			৪১১১৩০২	ওয়াকওয়ে নির্মাণ	--	১০০.০০	১০০.০০
			৪১১১৩০৭	কম্পাউন্ড ড্রেন নির্মাণ	--	২০.০০	২০.০০
			৪১১৩১০২	আরবরিকালচার ও ল্যান্ডস্কেপিং	--	২০.০০	২০.০০
গণপূর্ত ই/এম সার্কেল-১, চট্টগ্রাম	গণপূর্ত ই/এম বিভাগ-১, চট্টগ্রাম		৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামাদি	--	৩৩.৭০	৩৩.৭০
				মোট=	১.০০	১৭৩.৭০	১৭৪.৭০

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-১, চট্টগ্রাম এর স্মারক নং-১৩৪ তারিখ-১২/০৩/২০২৪খ্রিঃ এর দ্বারা মঞ্জুরীকৃত মোট=১৭৪.৭০ লক্ষ উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৯ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের হিসাবের কোড নং-৩২২১১০৫, ৪১১১৩০২, ৪১১১৩০৭, ৪১১৩১০২ ও ৪১১২৩০৩ খাতসমূহের ২০২৩-২০২৪ আর্থিক সালের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পালন/ পর্যবেক্ষণ পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ

১) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA-2006) এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধিত) এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপির অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।

৩) উপরোক্ত অর্থ শুধুমাত্র বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভূত)।

৪) অর্থ ব্যয়/এ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।